# ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)

আদাবর, মোহাম্মদপুর, ঢাকা।

# টেন্ডার সিডিউল

দরপত্র নং: ইএসডিও/প্রকিউরমেন্ট/১২৬/৬৮০/২০২৫-২০২৬ তারিখঃ ০৭/০৫/২০২৬ইং

## কাজের নামঃ কার্পেট ক্রয়ের কাজ।

Eco-Social Development Organisation (ESDO)
Date: 07.05.26
Collegepara, Thakurgaon

কাজের বর্ননাঃ

**ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)** একটি জাতীয় পর্যায়ের বেসরকারী সংস্থা, যা গত **১৯৮৮** সাল হতে সামাজিক উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন কার্যক্রম/প্রকল্প বাস্তবায়ন করে আসছে। ইএসডিও কর্তৃক বাস্তবায়িত এবং প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর সহায়তায়-Integrated Sponsorship Programme in Rangpur-CNO এবং Sponsorship Programme in Rangpur প্রকল্প নীলফামারী জেলার জলঢাকা উপজেলায় বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের জন্য কার্পেট ক্রয়ের নিমিত্তে প্রকৃত কার্পেট ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে ইএসডিও কর্তৃক নির্ধারিত সিডিউলে শর্তাবলী সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

পূরণকৃত সিডিউলটি আগামী ২০/০৫/২০২৬ইং তারিখ বিকাল ০৩.০০ টার মধ্যে মুখবন্ধ খামে **আহ্বায়ক, বিশেষ ক্রয় কমিটি, ইএসডিও ঢাকা অফিস, আদাবর, রোড নং: ০৮, বাসা নং: ৭৪৮, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ বরাবরে** কুরিয়ার/ডাকযোগে অথবা সরাসরি টেন্ডার বক্স এ জমা/প্রেরণ করা যাবে। দাখিলকৃত দরপত্র ২০/০৫/২০২৬ইং তারিখ বিকাল ০৩:৩০ টায় ইএসডিও ঢাকা অফিস কনফারেন্স রুমে এ খোলা হবে (উক্ত সময়ে আগ্রহী দরদাতাগণ উপস্থিত থাকতে পারবেন)।

দরপত্র দাখিলের শর্তাবলী ঃ

১. সিডিউলটি যথাযথ ভাবে পূরন করে দরদাতা দর প্রদান করতে পারবেন এবং দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন ও TIN সার্টিফিকেট, হালনাগাদ আয়কর রির্টান এর অনুলিপি দাখিল করতে হবে।

২. যে সকল প্রতিষ্ঠানের প্রকৃত কার্পেট ব্যবসায়ীর ট্রেড লাইসেন্স রয়েছে সে সকল প্রতিষ্ঠানকে মূল্যায়নের ভিত্তিতে অগ্রাধিকার প্রদান করা হবে।

৩. দরদাতাগণকে টেন্ডার সিডিউলে সংযুক্ত আর্থিক প্রস্তাবনায় ও প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দর প্রদান করতে হবে।

৪. **দরপত্রের খাম মুখবন্ধ হতে হবে এবং দরদাতাকে দরপত্রের প্রতিটি পাতায় সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে।**

৫. কার্যাদেশ গ্রহন/চুক্তির পূর্বে টেন্ডার সিডিউলের শর্ত অনুসারে সর্বমোট চুক্তি মুল্যের ২% হারে পারফরমেন্স সিকিউরিটি পে-অর্ডার আকারে **"ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)"** অনুকূলে জমা প্রদান করতে হবে।

৬. পারফরমেন্স সিকিউরিটি হিসেবে ইএসডিও'র নিকট জমাকৃত পে-অর্ডারটি সফলভাবে মালামাল সরবরাহের ১৫ দিন মাস পর ফেরৎ দেওয়া হবে।

৭. **মালামাল সরবরাহের সময়:** নির্বাচিত প্রতিষ্টানকে মালামাল সমূহ অবশ্যই কার্যাদেশ প্রাপ্তির ৭ দিনের মধ্যে সরবরাহ করতে হবে।

৮. যথাসময়ে মালামল সরবরাহ করতে না পারলে প্রতি সপ্তাহে মোট বিলের ১% হারে টাকা কর্তন করা হবে।

৯. **মালামাল সরবরাহের স্থান:** ইএসডিও-কমিনিউটি লার্নিং সেন্টার (প্ল্যান অফিস), নীলফামারী রোড, জলঢাকা, নীলফামারী। মালামাল এর পরিবহনজনিত ক্ষয়-ক্ষতি হলে তার দায়-দায়িত্ব সরবরাহকারী প্রতিষ্ঠান বহন করবেন।

১০. নির্বাচিত দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির পূর্বে ইএসডিও'র সাথে ৩০০ টাকার জুডিসিয়ারী স্ট্যাম্পে লিখিত চুক্তিবদ্ধ হতে হবে। চুক্তিপত্রের মূল কপি ইএসডিও'র নিকট সংরক্ষিত থাকবে। এ ক্ষেত্রে নির্বাচিত দরদাতাকে উক্ত স্ট্যাম্পের খরচ বহন করতে হবে।

১১. দরপত্রের সহিত দরদাতা কর্তৃক কোন অতিরিক্ত শর্তারোপ করা যাবে না।

১২. কর্তৃপক্ষ দরপত্রে উল্লেখিত মালামালের পরিমান কমানো/বাড়ানোর ক্ষমতা সংরক্ষন করেন। এ ক্ষেত্রে কাজের একক মূল্য (দরপত্রে উল্লেখিত) অপরিবর্তিত থাকবে।

১৩. দরদাতা কর্তৃক দরপত্রে প্রদানকৃত দর কমপক্ষে ২১ দিন পর্যন্ত কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

১৪. দরপত্রের কোন স্থানে লেখার উপর কোন ঘষামাজা, অস্পষ্টতা বা কাটাকাটি গ্রহনযোগ্য হবে না। যদি কোন স্থানে কাটাকাটি হয় তাহলে উহা স্পষ্ট অক্ষরে লিখে সংশ্লিষ্ঠ দরদাতার অনুস্বাক্ষর করতে হবে। অন্যথায় দরপত্রটি বাতিল বলে গন্য হবে।

১৫. **বিল প্রদান প্রক্রিয়াঃ** বিবরণ ও শর্ত মোতাবেক সম্পূর্ণ মালামাল সরবরাহের পর বিল যাচাই বাছাই করে নির্বাচিত প্রতিষ্ঠানের নামে এ্যাকাউন্ট পেয়ী চেক/বিইএফটিএন/আরটিজিএস/ডিডি'র মাধ্যমে বিল প্রদান করা হবে। তবে ডিডি'র ক্ষেত্রে সরবরাহকারী প্রতিষ্ঠান ডিডি খরচ বহন করবেন।

Eco-Social Development Organisation (ESDO) Date: 07.05.26

চালমান পাতা নং ০২

১৬. বিল প্রদানের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করে বিল প্রদান করা হবে। তবে সরবরাহকারীর যদি ট্যাক্স রিটার্ন জমাদানের প্রমানপত্র না থাকে তবে সেই ক্ষেত্রে ৫০ শতাংশ অধিক ট্যাক্স কর্তন করে বিল প্রদান করা হবে।

১৭. দরপত্র গ্রহন বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত। ইএসডিও কর্তৃপক্ষ সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদানে বাধ্য নয়। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহন কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।

১৮. মালামালের গুনগত মানের সাথে কোন প্রকার সমঝোতা/আপস গ্রহণযোগ্য হবে না।

১৯. ইএসডিও কখনই শিশু শ্রমকে প্রশ্রয় দেয়না। যে সব প্রতিষ্ঠানে শিশু শ্রমিক নিয়োজিত রয়েছে সেই সব প্রতিষ্ঠানকে দরপত্র জমা প্রদান না করার জন্য অনুরোধ করা যাচ্ছে। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরুপ নারী/শিশু নির্যাতনের অভিযোগ থাকলে এবং তা প্রমাণিত হলে উক্ত প্রতিষ্ঠানের দরপত্র/কার্যাদেশ বাতিল করার ক্ষমতা ইএসডিও কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

সরবরাহকারী প্রতিষ্ঠানের

নামঃ

স্বাক্ষরঃ

(তারিখ ও সীলসহ)

আহ্বায়ক

বিশেষ ক্রয় কমিটি

ইএসডিও, আদাবর, ঢাকা।

Eco-Social Development Organisation (ESDO)
Date: 07.05.26
Collegepara, Thakurgaon

**কার্পেট এর বিবরনঃ**

| ক্রমিক নং | মালামাল এর বিবরণ | পরিমান |
|---|---|---|
| ০১ | **নন ওভেন কার্পেট:**<br>**সাইজ:** প্রস্থ ১০ফিট এবং দৈর্ঘ্য ১৫ ফিট (১৫০ স্কয়ার বর্গফিটের ১পিস)<br>**থিকনেজ/পুরুত্ব:** ০৫ এমএম (সবুজ রংয়ের কার্পেট)<br>**উপদান:** নিডল পাঞ্চড,<br>**উপাদান:** পলিপ্রপিলিন(পিপি),<br>**কোম্পানী:** আরএম (আরএম) সমমানের।<br> | ১৮০ পিস |
| ০২ | **পিভিসি প্লাস্টিক ফ্লোর ম্যাট:**<br>**সাইজ:** প্রস্থ ৮ফিট ৪ ইঞ্চি এবং দৈর্ঘ্য ১৫ ফিট (৫ গজের ১ পিস)<br>**থিকনেজ/পুরুত্ব:** ০.৩৫ এমএম,<br>**উপাদান:** পলিপ্রপিলিন(পিপি) সম্পুর্ন ওয়াটার প্রুফ এবং রং উঠবেনা না,<br>**রং:** প্রিন্টের বিভিন্ন রং বিভিন্ন ডিজাইনের,<br>**কোম্পানী:** আরএফএল/ইউনাইটেড হাজি/সমমানের। | ১৮০ পিস |
| ০৩ | **পিভিসি রোল প্লাস্টিক ফ্লোর ম্যাট:**<br>**সাইজ:** প্রস্থ ২৫ ফিট ৫ ইঞ্চি, এবং দৈর্ঘ্য ২৪ ফিট ৫ ইঞ্চি, **রং:** প্রিন্টের বিভিন্ন রং বিভিন্ন ডিজাইনের,<br>**পুরুত্ব:** ০.৩৫ এমএম,<br>**উপাদান:**পলিপ্রপিলিন(পিপি) সম্পুর্ন ওয়াটার প্রুফ এবং রং উঠবেনা না,<br>**কোম্পানী:** আরএফএল/ইউনাইটেড হাজি/সমমানের<br> | ৩২ গজ |
| ০৪ | **ফ্লোর ম্যাট:**<br>**সাইজ:** দৈর্ঘ ১৫ ফুট প্রস্থ ফুট ১২, জি এস এম-৪০০<br>**কোম্পানী:** কোরিয়ান অথবা সমমানের | ১১০ পিস |

Eco-Social Development Organisation (ESDO)
Date 07.05.26
Collagepara, Thakurgaon

কার্পেট এর আর্থিক প্রস্তাবনাঃ

| ক্রমিক নং | মালামাল এর বিবরণ | পরিমান | একক মূল্য | মোট মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | **নন ওভেন কার্পেট:**<br>**সাইজ:** প্রস্থ ১০ফিট এবং দৈর্ঘ্য ১৫ ফিট (১৫০ স্কয়ার বর্গফিটের ১পিস)<br>**থিকনেজ/পুরুত্ব:** ০৫ এমএম (সবুজ রংয়ের কার্পেট)<br>**উপদান:** নিডল পাঞ্চড,<br>**উপাদান:** পলিপ্রপিলিন(পিপি),<br>**কোম্পানী:** আরএম (আরএম) সমমানের। | ১৮০ পিস | | | |
| ০২ | **পিভিসি প্লাস্টিক ফ্লোর ম্যাট:**<br>সাইজ: প্রস্থ ৮ফিট ৪ ইঞ্চি এবং দৈর্ঘ্য ১৫ ফিট (৫ গজের ১ পিস)<br>**থিকনেজ/পুরুত্ব:** ০.৩৫ এমএম,<br>**উপাদান:** পলিপ্রপিলিন(পিপি) সম্পুর্ন ওয়াটার প্রুফ এবং রং উঠবেনা না,<br>**রং:** প্রিন্টের বিভিন্ন রং বিভিন্ন ডিজাইনের,<br>কোম্পানী: আরএফএল/ইউনাইটেড হাজি/সমমানের। | ১৮০ পিস | | | |
| ০৩ | **পিভিসি রোল প্লাস্টিক ফ্লোর ম্যাট:**<br>**সাইজ:** প্রস্থ ২৫ ফিট ৫ ইঞ্চি, এবং দৈর্ঘ্য ২৪ ফিট ৫ ইঞ্চি,<br>রং: প্রিন্টের বিভিন্ন রং বিভিন্ন ডিজাইনের,<br>**পুরুত্ব:** ০.৩৫ এমএম,<br>উপাদান: পলিপ্রপিলিন(পিপি) সম্পুর্ন ওয়াটার প্রুফ এবং রং উঠবেনা না,<br>কোম্পানী: আরএফএল/ইউনাইটেড হাজি/সমমানের | ৩২ গজ | | | |
| ০৪ | **ফ্লোর ম্যাট:**<br>**সাইজ:** দৈর্ঘ ১৫ ফুট প্রস্থ ফুট ১২, জি এস এম-৪০০<br>কোম্পানী: কোরিয়ান অথবা সমমানের | ১১০ পিস | | | |
| মোট | | | | | |

কথায়ঃ ..........................................................................................................।

চলমান পাতা নং: ০৫

Eco-Social Development Organisation (ESDO) * Collegepara, Thakurgaon
Date: 07.05.26